উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব ভুপালী সরকার, প্রশাসক, উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর।
তারিখ : ২৩/০৪/২০২৫ ইং,   সময় : বিকাল ৩.০০ টা।
স্থান : উপজেলা নির্বাহী অফিসার, ঝিকরগাছা, যশোর মহোদয়ের কার্যালয়।

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা- সংযুক্ত: ক।

জনাব ভুপালী সরকার, প্রশাসক, উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর মহোদয়ের সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়। সভাপতি মহোদয় উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে স্বাগত জানান। সভার শুরুতে বিগত সভার কার্য বিবরণী পাঠ এবং সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনা করা হয়। অত:পর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার অদ্যকার সভার আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন। আলোচনা শেষে নিম্নরুপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্র: নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নের দায়িত্ব
০১	২০২৪-২৫ অর্থ বছরের উন্নয়নমূলক কাজের সঠিকভাবে তদারকি প্রসঙ্গে	২০২৪-২৫ অর্থ বছরের উন্নয়নমূলক কাজ যথা-নতুন ভবন, সীমানা প্রাচীর, ওয়াশব্লক, রুটিন মেরামত এষ্টিমেট অনুযায়ী নির্মাণ সামগ্রী ব্যবহারের বিষয়ে জোর দেয়া হয়। কয়েকটি বিদ্যালয়ে এস্টিমেট অনুযায়ী নির্মান সামগ্রী ব্যবহার করা হচ্ছে না বলে সভাপতি মহোদয় কমিটির সদস্যবৃন্দকে অবহিত করেন। সঠিকভাবে তদারকির বিষয়ে সভাপতি মহোদয় ইউপিইও এবং ইউএপিইও-গণের নিবিড় পরিদর্শনের উপর গুরুত্বারোপ করেন।	এষ্টিমেট অনুযায় নির্মাণ সামগ্রী নিশ্চিত করার বিষয়ে ইউপিইও এবং ইউএপিইও-গণের নিবিড় পরিদর্শনের পাশাপাশি প্রতি মাসে বিদ্যালয় মনিটরিং কমিটির মিটিং করে তার রেজুলেশনের কপি এবং কাজের অগ্রগতি সভাপতি মহোদয় বরাবরে দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়।	ইউপিইও, ইউএপিইও প্রধান শিক্ষক
০২	প্রাথমিক শিক্ষার গুনগতমান উন্নয়ন	প্রাথমিক শিক্ষার গুনগতমান উন্নয়নে বিভিন্ন প্রকার কৌশল যেমন- সঠিক বর্ণ পড়া ও লেখা, রিডিং পড়া, বর্ণ সঠিকভাবে লেখা, যুক্ত বর্ণ আলোদা করে লেখা ইত্যাদি বিষয়ে গুরুত্ব দেয়া ও শিক্ষকগণের পারফরমেন্স মনিটরিং করার বিষয়ে পুর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্তগুলোর বাস্তবায়ন অগ্রগতিসমুহ নিয়ে সভায় আলোচনা হয়।	শিক্ষার্থীদের শিক্ষার গুনগত মান উন্নয়নে বিভিন্ন প্রকার কৌশল বাস্তবায়নে পুর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্তগুলো নিবিড়ভাবে মনিটরিংয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।	ইউপিইও, ইউএপিইও, প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষক
০৩	বনজ ও ফলজ বৃক্ষরোপন প্রসঙ্গে	চারপাশের পরিবেশ ঠিকার রাখার জন্য বিদ্যালয়সহ বাড়ির আশে-পাশে ফাঁকা জায়গায় বনজ ও ফলজ বৃক্ষ রোপন ও সংরক্ষণ করার বিষয়ে আলোচনা করা হয়। বন বিভাগ থেকে প্রদানকৃত গাছগুলো সঠিকভাবে সংরক্ষনের বিষয়ে সভায় আলোচনা হয়।	চারপাশের পরিবেশ ঠিকার রাখার জন্য বিদ্যালয়সহ বাড়ির আশে-পাশে ফাঁকা জায়গায় বনজ ও ফলজ বৃক্ষ রোপন ও সংরক্ষণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	ইউপিইও, ইউএপিইও, প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষক
০৪	SLIP-এর কাজের অগ্রগতি প্রসঙ্গে।	বিদ্যালয় পরিদর্শনকালে SLIP-এর ১ম কিস্তির কাজের অগ্রগতি পরিকল্পনা-বাজেট অনুযায়ী যাচাই করার বিষয়ে সভায় অলোচনা হয়। যাচাই করার বিষয়টি ইউপিইও, ইউএপিইও-গণকে নিশ্চিত করতে অনুরোধ করা হয়।	বিদ্যালয় পরিদর্শনকালে SLIP-এর ১ম কিস্তির কাজের অগ্রগতি পরিকল্পনা-বাজেট অনুযায়ী যাচাই করার বিষয়টি ইউপিইও, ইউএপিইও-গণকে নিশ্চিত করে পরবর্তী সভায় এ সংক্রান্ত তথ্য উপস্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	ইউপিইও, ইউএপিইও

অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

(ভুপালী সরকার)
প্রশাসক
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
ঝিকরগাছা, যশোর।

CamScanner

স্মারক নং-উশিঅ/ঝিকর/২৬২(১)/(৮) তারিখ-২৩/০৪/২০২৫ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে :-

১. জেলা প্রশাসক, যশোর।
২. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, খুলনা বিভাগ, খুলনা।
৩. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, যশোর।
৪. চেয়ারম্যান/প্রশাসক/প্যানেল চেয়ারম্যান, শিমুলিয়া ইউনিয়ন পরিষদ, ঝিকরগাছা, যশোর।
৫. চেয়ারম্যান/প্রশাসক/প্যানেল চেয়ারম্যান, নির্বাসখোলা ইউনিয়ন পরিষদ, ঝিকরগাছা, যশোর।
৬. চেয়ারম্যান/প্রশাসক/প্যানেল চেয়ারম্যান, হাজিরবাগ ইউনিয়ন পরিষদ, ঝিকরগাছা, যশোর।
৭. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ঝিকরগাছা, যশোর।
৮. অফিস সংরক্ষণ নথি।

(সেহেলী ফেরদৌস)
সদস্য সচিব
উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা কমিটি
ও
উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার
ঝিকরগাছা, যশোর

স্মারক নং- উশিঅ/ঝিকর/২৬২(৯)　　　　　　　　　　তারিখ ঃ-২৭/ ০৪ /২০২৫ খ্রিঃ।

হাজিরা শীট-ক

ক্রমিক নং	সদস্যবৃন্দের নাম ও পদবী	স্বাক্ষর
০১	প্রশাসক, উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর, সভাপতি, উপজেলা পর্যায়ে প্রাথমিক ও গণশিক্ষা কমিটি, ঝিকরগাছা, যশোর।	
০২	চেয়ারম্যান/প্রশাসক/প্যানেল চেয়ারম্যান, শিমুলিয়া ইউনিয়ন পরিষদ, ঝিকরগাছা, যশোর, সদস্য, উপজেলা পর্যায়ে প্রাথমিক ও গণশিক্ষা কমিটি, ঝিকরগাছা, যশোর।	
০৩	চেয়ারম্যান/প্রশাসক/প্যানেল চেয়ারম্যান, নির্বাসখোলা ইউনিয়ন পরিষদ, ঝিকরগাছা, যশোর, সদস্য, উপজেলা পর্যায়ে প্রাথমিক ও গণশিক্ষা কমিটি, ঝিকরগাছা, যশোর।	
০৪	চেয়ারম্যান/প্রশাসক/প্যানেল চেয়ারম্যান, মাগুরা ইউনিয়ন পরিষদ, ঝিকরগাছা, যশোর, সদস্য, উপজেলা পর্যায়ে প্রাথমিক ও গণশিক্ষা কমিটি, ঝিকরগাছা, যশোর।	
০৫	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ঝিকরগাছা, যশোর ও সদস্য, উপজেলা পর্যায়ে প্রাথমিক ও গণশিক্ষা কমিটি, ঝিকরগাছা, যশোর।	
০৬	উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ঝিকরগাছা, যশোর ও সদস্য সচিব, উপজেলা পর্যায়ে প্রাথমিক ও গণশিক্ষা কমিটি, ঝিকরগাছা, যশোর।	